কালের কণ্ঠ

তারিখ 17 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

নর্থ সাউথ ইউনিভার্সিটি

# নবীনের উৎসব ২৪ জনকে বৃত্তি

নিজস্ব প্রতিবেদক ▷

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) গতকাল শনিবার অনুষ্ঠিত হলো নবীনের উৎসব। ফল ২০১৭ সেমিস্টারের প্রায় এক হাজার ২০০ শিক্ষার্থীকে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে বরণ করে নেওয়া হয়। এসব শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের ১৬টি বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি হয়। তবে ভর্তি পরীক্ষার ফলের ভিত্তিতে মেধাস্থান অর্জনকারী ২৪ শিক্ষার্থীকে টিউশন ফিয়ের ওপর শতভাগ বৃত্তি প্রদান করা হয়।

নবীনবরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আতিকুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান। এ ছাড়া বক্তব্য দেন উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক গিয়াস উদ্দিন আহমেদ, অধ্যাপক মো. রোকনুজ্জামান, অধ্যাপক মোহাম্মদ মাহবুব রহমান, অধ্যাপক আবদুর রব খান, রেজিস্ট্রার মো. শাহজাহান, প্রক্টর অধ্যাপক নাজমুল আহসান খান প্রমুখ।

> নতুন প্রজন্মকে বিশ্বমানের করে গড়ে তুলতে হবে

মো. সোহরাব হোসাইন বলেন, 'দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নর্থ সাউথ ইউনিভার্সিটিই সেরা। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে ২৩ হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে, যা এই বিশ্ববিদ্যালয়ের প্রতি অভিভাবকদের আস্থা প্রমাণ করে। আমরা ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রে পরিণত হতে চাই। আর এই উন্নত রাষ্ট্রের নেতৃত্ব দেবে আজকের শিক্ষার্থীরা। তাই আমাদের নতুন প্রজন্মকে বিশ্বমানের করে গড়ে তুলতে হবে। যাতে আমরা বিশ্ব প্রতিযোগিতায় টিকতে পারি।'

মোহাম্মদ শাহজাহান বলেন, 'এনএসইউ'কে শুধু বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোই নয়, অনেক পাবলিক ইউনিভার্সিটিও ফলো করে। আমাদের আছে ইন্টারন্যাশনাল অ্যাডভাইজরি বোর্ড। আছে বিদেশি শিক্ষক ও শিক্ষার্থী। এই ক্যাম্পাসে একটি বড় খেলার মাঠ ও সুইমিং পুল ছাড়া সব সুবিধাই রয়েছে। তবে আমরা পূর্বাচলে ২৫০ বিঘা জমি কিনেছি, যেখানে আবাসিক ক্যাম্পাস হবে। সেখানে সব ধরনের সুযোগ-সুবিধা থাকবে।'

প্রফেসর আতিকুল ইসলাম বলেন, আমেরিকান কারিকুলাম অনুসারে এই বিশ্ববিদ্যালয়ে পাঠদান করানো হয়। এনএসইউয়ের সব শিক্ষকই বিদেশি ডিগ্রিধারী। এ ছাড়া বিদেশি শিক্ষকও রয়েছেন। বিশ্বমানের উচ্চশিক্ষা অর্জনে নর্থ সাউথ এখন পথিকৃৎ।

অনুষ্ঠান শেষে অতিথিরা বিশ্ববিদ্যালয়ের ২২টি শিক্ষার্থী ক্লাবের বুথ পরিদর্শন করেন। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে এনএসইউয়ের শিক্ষার্থীরা।

প্রাপ্তি নং..........
তারিখ..........
সিস্টেম ম্যানেজার
পি.এ.
স্বাক্ষর